তারিখ ... ১ 6 MAY 2003
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৩

নং শাঃ ১৩/২-১ (নিউজিল্যান্ড)/৯৮/ ১৮৮ তারিখঃ ২৭/০৪/২০০৩

## বিষয়ঃ কমনওয়েলথ (নিউজিল্যান্ড) বৃত্তি-২০০৪ প্রসংগে

কমনওয়েলথ (নিউজিল্যান্ড) বৃত্তির অধীন পিএইচডি পর্যায়ে বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়ে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| | বৃত্তির বিষয় | অধ্যয়নের পর্যায় | বিষয় | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| (ক) | কমনওয়েলথ (নিউজিল্যান্ড) বৃত্তি-২০০৪ | পিএইচডি ডিগ্রী | ১. কম্পিউটার ইঞ্জিনিয়ারিং<br>২. ফার্মেসী<br>৩. ইংরেজী<br>৪. ব্যবস্থাপনা<br>৫. এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং<br>৬. ভেটিরিনারী সায়েন্স<br>৭. অর্থনীতি | সকল পরীক্ষায় ১ম বিভাগ/ শ্রেণীসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। |

২। বাংলাদেশ থেকে ২ জন প্রার্থীর মনোনয়ন প্রেরণ করা হবে।
৩। যে সকল প্রার্থী ৩১/০৭/২০০৩ তারিখ এর পূর্ববর্তী ৫ বছরের মধ্যে উপরে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা অর্জন করেছেন শুধুমাত্র তারাই আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।
৪। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৫। একজন প্রার্থী একাধিক বিষয়ে আবেদন করতে পারবে না। একাধিক বিষয়ে আবেদন করলে সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
৬। ইচ্ছাকৃত মিথ্যা বিবরণ/ তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮। একটি দেশের বৃত্তির জন্য কেউ মনোনীত হলে তাকে অন্য কোন দেশের বৃত্তির প্রার্থী হিসাবে বিবেচনা করা হয় না। এই বৃত্তি ভোগে আগ্রহী নন এমন প্রার্থীকে আবেদন করা থেকে বিরত থাকার পরামর্শ দেয়া যাচ্ছে।
৯। নিম্নে প্রদত্ত ছকে ইংরেজীতে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সকল পরীক্ষা পাসের নম্বর পত্র, সার্টিফিকেট (ইংরেজী)-এর অনুলিপি ও এককপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দিতে হবে। আবেদনপত্র আগামী ৩০/০৫/২০০৩ইং তারিখের মধ্যে সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবরে পৌছাতে হবে। আবেদনপত্রের খামের উপর কমনওয়েলথ (নিউজিল্যান্ড) বৃত্তি-২০০৪ এবং প্রার্থিত বিষয়ের নাম উল্লেখ করতে হবে।

**কমনওয়েলথ (নিউজিল্যান্ড) বৃত্তি-২০০৪-এর জন্য আবেদন প্রার্থীত বিষয়ের নাম ঃ**

(ক) প্রার্থীর নাম ঃ
(খ) পিতার নাম ঃ
(গ) বর্তমান ঠিকানা (টেলিফোন নম্বর) ঃ
(ঘ) স্থায়ী ঠিকানা ঃ
(ঙ) জন্ম তারিখ ঃ
(চ) বয়স ঃ
(ছ) জাতীয়তা ঃ
(জ) চাকুরীরত থাকলে পদবী ও প্রতিষ্ঠানের নাম ঃ
(ঝ) পরীক্ষা পাসের বিবরণ ঃ

| পরীক্ষার নাম | শাখা/ বিষয় | পাসের সন | প্রাপ্ত বিভাগ | অনুষ্ঠিত পরীক্ষার মোট নম্বর/ GPA | প্রাপ্ত মোট নম্বর/ GPA | শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| এসএসসি | | | | | | |
| এইচএসসি | | | | | | |
| স্নাতক | | | | | | |
| স্নাতকোত্তর | | | | | | |
| অন্যান্য | | | | | | |

(ঞ) স্বীকৃত জার্নালে প্রকাশনার বিবরণ (যদি থাকে) ঃ

| ক্রমিক নং | জার্নালের নাম, বিবরণ ও ধরন | প্রকাশনার বিবরণ | | | |
|---|---|---|---|---|---|
| | | শিরোনাম | কি ধরনের প্রকাশনা/ প্রবন্ধ | প্রকাশের তারিখ | মন্তব্য |
| | | | | | |

আবেদনকারীর স্বাক্ষর

১০। প্রাথমিকভাবে মনোনীত হলে প্রার্থীদের জরুরী ভিত্তিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন হতে ফরম সংগ্রহ পূর্বক পূরণকৃত ফরম ও অন্যান্য কাগজপত্রসহ সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা বরাবরে জমা দিতে হবে। ফর্মের সংগে নিম্নলিখিত কাগজপত্র ০৬ (ছয়) সেট করে ইংরেজীতে জমা দিতে হবে (ব্যর্থ সার্টিফিকেট ১ কপি) বিধায় তা ৬ কপি করে তৈরী রাখার জন্য পরামর্শ দেয়া হলো ঃ
(ক) একাডেমিক ট্রান্সক্রীপ্ট, (খ) সার্টিফিকেট ও মার্কশীটের অনুলিপি নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত। (গ) ব্যর্থ সার্টিফিকেট (১ কপি) নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত (আবেদনপত্রের প্রথম কপির সংগে সংযুক্ত করতে হবে)। (ঘ) রেফারেন্স লেটার। (ঙ) প্রার্থী যে বিষয়ে রিসার্চ বা অধ্যয়ন করতে ইচ্ছুক এবং এতে প্রার্থীর দেশ বা জাতি কিভাবে উপকৃত হবেন সে বিষয়ে তাঁর লিখিত বক্তব্য।
১১। আবেদনের সাথে অবশ্যই ECE Certificate of Approval দিতে হবে বিধায় এ বিষয়ে ECE ওয়েব সাইট (www.eee.org) থেকে তথ্য সংগ্রহপূর্বক কাগজপত্র তৈরী রাখার পরামর্শ দেয়া যাচ্ছে।
১২। প্রাথমিকভাবে যারা নির্বাচিত হবে শুধুমাত্র তাদের জন্য ১০ ও ১১ নং ক্রমিকের তথ্য প্রযোজ্য হবে।
১৩। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**গুলশান নাজমুন নাহার**
সিনিয়র সহকারী সচিব, ভবন নং-৬, রুম নং ১৭০৬
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ফোনঃ ৭১৬৫০৩২।

ডিএফপি-১০৮১২-২৯/৪
স-২০৯৯ (১০×৩)